# লেকচার- ০৬

## কারক ও বিভক্তি, বাচ্য

### কারক ও বিভক্তি, পদ প্রকরণ

মূলত ক্রিয়ার সঙ্গে বাক্যের বিশেষ্য ও সর্বনামের যে সম্পর্ক, তাকে কারক বলে। কারকে সম্পর্ক বোঝাতে বিশেষ্য ও সর্বনামের সঙ্গে সাধারণত বিভক্তি ও অনুসর্গ যুক্ত হয়ে থাকে।

**কারক ছয় প্রকার:** কর্তা কারক, কর্ম কারক, করণ কারক, অপাদান কারক, অধিকরণ কারক ও সম্বন্ধ কারক।

### কর্তা কারক

ক্রিয়া যার দ্বারা সম্পাদিত হয়, তাকে কর্তাকারক বলে। বাক্যের কর্তা বা উদ্দেশ্যই কর্তা কারক। কর্তা কারকে সাধারণত বিভক্তি যুক্ত হয় না। যেমন–

- আমরা নদীর ঘাট থেকে রিকশা নিয়েছিলাম।
- অনেকগুলো বন্যহাতি বাগান নষ্ট করে দিল।

কর্তা কারকে কখনো কখনো এ বিভক্তি যুক্ত হয়। যেমন-

- পাগলে কিনা বলে, ছাগলে কিনা খায়।

### কর্ম কারক

যাকে আশ্রয় করে কর্তা ক্রিয়া সম্পাদন করে, তাকে কর্ম কারক বলে। বাক্যের মুখ্য কর্ম ও গৌণ কর্ম- উভয় ধরনের কর্মই কর্ম কারক হিসেবে গণ্য হয়। সাধারণত মুখ্য কর্ম কারকে বিভক্তি হয় না, তবে গৌণ কর্ম কারকে 'কে' বিভক্তি হয়। যেমন–

- সে রোজ সকালে এক প্লেট ভাত খায়।
- শিক্ষককে জানাও।
- অসহায়কে সাহায্য করো।
- বেগম রোকেয়া সমাজের নানা রকম অন্ধতা, গোঁড়ামি ও কুসংস্কারকে তীব্র ভাষায় সমালোচনা করে গেছেন।

কাব্যভাষায় কর্মকারকে 'রে' বিভক্তি হয়। যেমন–

- আমারে তুমি করিবে ত্রাণ এ নহে মোর প্রার্থনা।

### করণ কারক

যার দ্বারা বা যে উপায়ে কর্তা ক্রিয়া সম্পাদন করে, তাকে করণ কারক বলে। এই কারকে সাধারণত দ্বারা, দিয়ে, কর্তৃক ইত্যাদি অনুসর্গ যুক্ত হয়। যেমন–

- ভেড়া দিয়ে চাষ করা সম্ভব নয়।
- চাষিরা ধারালো কাস্তে দিয়ে ধান কাটছে।

### অপাদান কারক

যে কারকে ক্রিয়ার উৎস নির্দেশ করা হয় তাকে অপাদান কারক বলে। এই কারকে সাধারণত 'হতে', 'থেকে' ইত্যাদি অনুসর্গ শব্দের পরে বসে। যেমন–

- জমি থেকে ফসল পাই।
- কাপটা উঁচু টেবিল থেকে পড়ে ভেঙে গেল।

### অধিকরণ কারক

যে কারকে স্থান, কাল, বিষয় ও ভাব নির্দেশিত হয় তাকে অধিকরণ কারক বলে। এই কারকে সাধারণত '-এ', '-য়', '-য়ে', '-তে' ইত্যাদি বিভক্তি শব্দের সঙ্গে যুক্ত হয়। যেমন–

- বাবা বাড়িতে আছেন।
- বিকাল পাঁচটায় অফিস ছুটি হবে।
- রাজীব বাংলা ব্যাকরণে ভালো।

### সম্বন্ধ কারক

যে কারকে বিশেষ্য ও সর্বনামের সঙ্গে বিশেষ্য ও সর্বনামের সম্পর্ক নির্দেশিত হয়, তাকে সম্বন্ধ কারক বলে। এই কারকে ক্রিয়ার সঙ্গে সম্পর্ক পরোক্ষ। এই কারকে শব্দের সঙ্গে '-র', '-এর', '-য়ের', '-কার', '-কের' ইত্যাদি বিভক্তি যুক্ত হয়। যেমন-

- ফুলের গন্ধে ঘুম আসে না।
- আমার জামার বোতামগুলো একটু অন্য রকম।
- তখনকার দিনে পায়ে হেঁটে চলতে হতো মাইলের পর মাইল।

**বাংলা শব্দ-বিভক্তি সাত প্রকার। যথা-**

| বিভক্তি | একবচন | বহুবচন |
|---|---|---|
| প্রথমা (শূন্য) | (শূন্য), অ, এ, তে, এতে | রা, এরা, গুলি, গণ, বৃন্দ |
| দ্বিতীয়া | কে, রে | দিগকে, দিগেরে |
| তৃতীয়া | দ্বারা, দিয়া, কর্তৃক | দিগকে দ্বারা, দের দিয়া, দিগ কর্তৃক |
| চতুর্থী | কে, রে, তরে, জন্যে | দিগকে, দিগেরে, দের তরে, দের জন্যে |
| পঞ্চমী | হতে, থেকে, চেয়ে | দিগ হতে, দের থেকে, দিগের চেয়ে |
| ষষ্ঠী | র, এর | দিগের, দের |
| সপ্তমী | এ, য়, তে | দিগে, দিগেতে |

## অনুশীলন পর্ব

### অধিকরণ কারক

**তিলে** তৈল আছে – অধিকরণে ৭মী

**গাছে** কাঁঠাল **গোঁফে** তেল। – অধিকরণে ৭মী

**গগনে** গরজে মেঘ ঘন বর্ষা। – অধিকরণে ৭মী

**পাতায় পাতায়** পড়ে নিশির শিশির। – অধিকরণে ৭মী

বন্যেরা **বনে** সুন্দর শিশুরা **মাতৃক্রোড়ে**। – অধিকরণে ৭মী

**সর্বাঙ্গে** ব্যথা ঔষধ দিব কোথা। – অধিকরণে ৭মী

শিশুগণ দেয় মন নিজ নিজ **পাঠে**। – অধিকরণে ৭মী

**বসন্তে** কোকিল ডাকে। – অধিকরণে ৭মী

**রাতে** মশা **দিনে** মাছি, এই নিয়ে **ঢাকায়** আছি। – অধিকরণে ৭মী

**শরতে** ধরাতল শিশিরে ঝলমল। – অধিকরণে ৭মী

**তিরিশ বছর** ভিজায়ে রেখেছি দুই নয়নের জলে।–অধিকরণে শূন্য

মিম **অঙ্কে** ভালো কিন্তু **ব্যাকরণে** কাঁচা। – অধিকরণে ৭মী

আমাদের সেনারা **সাহসে** দুর্জয়, **যুদ্ধে** অপরাজেয়।– অধিকরণে ৭মী

**সূর্যোদয়ে** অন্ধকার দূরীভূত হয়।– অধিকরণে ৭মী

**কান্নায়** শোক মন্দীভূত হয়। – অধিকরণে ৭মী

**বিপদে** যেন করিতে পারি জয়- কর্মে ৭মী।

**কাননে** কুসুমকলি সকলি ফুটিল। – অধিকরণে ৭মী।

**অঙ্গে** আঁচল সুনীল বরণ, রুনুঝুনু রবে- অধিকরণে ৭মী

শিশুগণ দেয় মন নিজ নিজ **পাঠে**। – অধিকরণে ৭মী

এ **বৎসর** ভাল ফসল জন্মিয়াছে –অধিকরণে শূন্য।
**একদিন** পাপের ফল ফলিবে –অধিকরণে শূন্য।
**বসন্তে** নানা রকমের ফুল ফোটে –অধিকরণে ৭মী।
গুণ্ডারা পথিকের **মাথায়** লাঠি মারিয়াছে –অধিকরণে ৭মী।
হে **অতীত**, তুমি **ভুবনে ভুবনে** – সম্ভোধনে শূন্য, অধিকরণে ৭মী।
**সর্বাঙ্গে** ব্যথা, **ওষুধ** দিব কোথা ?– অধিকরণে ৭মী, কর্মে শূন্য।
**বিপদে** সে উতলা হইয়াছে –অধিকরণে ৭মী।
ছিলাম **নিশিদিন** আশাহীন প্রবাসী – অধিকরণে শূন্য।
ফলে না সকল **বৃক্ষে সুমধুর ফল** – অধিকরণে ৭মী।
**তিরিশ** বছর ভিজায়ে রেখেছি দুই নয়নের **জলে** – অধিকরণে শূন্য; করণে ৭মী।
অতিবড় বৃদ্ধ পতি **সিদ্ধিতে** নিপুণ – অধিকরণে ৭মী।
**আকাশ** আজি মেঘলা যেয়ো নাকো একলা – কর্তায় শূন্য।
আমারে দেখিতে যাইয়ো কিন্তু **উজান তলীর গাঁ** – অধিকরণে শূন্য।
**সৌন্দর্যে** কার না অরুচি আসে – অধিকরণে ৭মী।
**প্রাসাদ হইতে** তাহাকে ডাকিলাম –অধিকরণে ৫মী।
এ **বৎসর** বড়ই বিপদ –অধিকরণে শূন্য।
মিটাবো আপন **মনে** –অধিকরণে ৭মী।

## অপাদান কারক

এ **জমিতে** সোনা ফলে। – অপাদানে ৭মী
**শুক্তি থেকে** মুক্তো মেলে। – অপাদানে ৫মী
**খেজুর রসে** গুড় হয়। – অপাদানে ৭মী
**টাকায়** টাকা হয়। – অপাদানে ৭মী
**ছাদে** পানি পড়ে। – অপাদানে ৭মী
**কপালের** লেখা না যায় খণ্ডন। সম্বন্ধে ৬ষ্ঠী
**লোকমুখে** এ কথা শুনেছি। – অপাদানে ৭মী
কত **ধানে** কত চাল তা আমি জানি।– অপাদানে ৭মী
**ধানেতে** তৈরি হয় মুড়ি চিড়ে খই। – অপাদানে ৭মী
**লোভে** পাপ **পাপে** মৃত্যু। – অপাদানে ৭মী
**কথায়** কথা বাড়ে। – অপাদানে ৭মী
**জ্ঞানে** আনন্দ লাভ হয়।– করণে ৭মী
মনে পড়ে সেই জৈষ্ঠ্যের দুপুরে **পাঠশালা** পলায়ন।– অপাদানে শূন্য
**বাঘে** ভয় হয়। – অপাদানে ৭মী
যেখানে **বাঘের** ভয়, সেখানে সন্ধ্যে হয়। – অপাদানে ৬ষ্ঠী
**ভূতকে** আবার কীসের ভয়। – অপাদানে ২য়া
আমি কি ডরাই সখী ভিখারী **রাঘবে**। – অপাদানে ৭মী
**পরাজয়ে** ডরে না বীর।– অপাদানে ৭মী
**তিলে** তৈল হয় – অপাদানে ৭মী

**জমিতে** ফসল ফলে – অপাদানে ৭মী
**জমি থেকে** ফসল পাই– অপাদান ৫মী
**বিপদে** অধীর হইও না – অধিকরণে ৭মী
**রহিমের** চেয়ে করিম অনেক ভালো– অপাদানে ৫মী
**প্রাণের** চেয়ে প্রিয় – অপাদানে ৫মী
**লোভে** পাপ, **পাপে** মৃত্যু – অপাদানে ৭মী; করণে ৭মী
**কুকর্মে** বিরত হও – অপাদানে ৭মী
**তর্কে** বিরত হও – অপাদানে ৭মী

**ধর্ম** হতে বিচলিত হয়ো না – অপাদানে ৫মী
**সুখের** চেয়ে শান্তি ভাল– অপাদানে ৫মী
**তোমার চেয়ে** বড় বন্ধু আমার নাই –অপাদানে ৫মী।
চোরের **মুখ দিয়ে** রক্ত পড়ছে –অপাদানে ৩য়া।
**সরিষা হইতে** তৈল হয় –অপাদানে ৫মী।
**ধর্ম হইতে** বিচলিত হইও না –অপাদানে ৫মী।
**লোকমুখে** শোনা যায় –অপাদানে ৭মী।
**চোরের** ভয়ে ঘুম আসে না –অপাদানে ৬ষ্ঠী।
আমাদের **ছাদে** পানি পড়ে –অপাদানে ৭মী।
**পড়ায়** বিরত হয়ো না –অপাদানে ৭মী।
**পাপ** হইতে পুণ্য পৃথক – অপাদানে ৫মী।

## সম্প্রদান কারক

***** বর্তমানে সম্প্রদান কারক কর্মকারক হিসেবে বিবেচিত হবে।**
**সমিতিতে** চাঁদা দাও –সম্প্রদানে ৭মী
**মৃতজনে** দেহ প্রাণ – সম্প্রদানে ৭মী
**অন্ধজনে** দেহ আলো – সম্প্রদানে ৭মী
**সৎপাত্রে** কন্যাদান কর– সম্প্রদানে ৭মী
**অন্নহীনে** অন্ন দাও– সম্প্রদানে ৭মী
**আমায়** একটু আশ্রয় দিন– সম্প্রদানে ৭মী
**গৃহহীনে** গৃহ দিলে আমি থাকি ঘরে– সম্প্রদানে ৭মী
**তোমারে** সঁপিনু মোর যাহা কিছু প্রিয়– সম্প্রদানে ৪র্থী
**তোমায়** কেন দেইনি আমার সকল শূন্য করে– সম্প্রদানে ৭মী
এবারের সংগ্রাম **স্বাধীনতার** সংগ্রাম – সম্প্রদানে ষষ্ঠী।
**প্রিয়জনে** যাহা দিতে চাই, তাই দিই **দেবতারে** – সম্প্রদানে ৭মী; সম্প্রদানে ৪র্থী।
**সুখের** লাগিয়া এ ঘর বাঁধিনু - নিমিত্তার্থে ৬ষ্ঠী/ সম্প্রদানে ৬ষ্ঠী
বেলা যে পড়ে এল, **জলকে** চল। – নিমিত্তার্থে ৪র্থী/ সম্প্রদানে ৪র্থী
**সর্বশিষ্যে** জ্ঞান দেন গুরুমহাশয় –সম্প্রদানে ৭মী।
সকল কর্মফল **ভগবানে** অর্পণ কর –সম্প্রদানে ৭মী।
তারা **তীর্থে** যাত্রা করল –সম্প্রদানে ৭মী।
চিররোগী কি **আশায়** বাঁচে? – সম্প্রদানে ৭মী।
**সর্বভূতে** ধন দাও –সম্প্রদানে ৭মী।
গত **বিষয়ের** জন্য লোভ করিও না – সম্প্রদানে ৬ষ্ঠী।
শুধু **বৈকুন্ঠের** তরে নহে বৈষ্ণবের গান – সম্প্রদানে ৬ষ্ঠী।
**তোমার** পূজার ছলে তোমায় ভুলেই থাকি – সম্প্রদানে ৬ষ্ঠী।
**তোমারে** সঁপিনু মোর যাহা কিছু প্রিয়ে – সম্প্রদানে ৪র্থী।
সৈন্যদল **যুদ্ধে** যাইতেছে –সম্প্রদানে ৭মী।
দরিদ্র **ধনীকে** ঈর্ষা করে – কর্মে ৪র্থী।
**টাকার** লোভ ভাল নয় –সম্প্রদানে ৬ষ্ঠী।
**জলকে** চলো –সম্প্রদানে ৪র্থী।

## করণ কারক

সে **পীড়ায়** হয়েছে দুর্বল-করণ কারকে ৭মী।
**ব্যবহারে** বংশের পরিচয়- করণ কারকে ৭মী।
শিকারি বিড়াল **গোঁফে** চেনা যায়-করণে ৭মী।
ছেলেরা **তাস** খেলে পড়া নষ্ট করছে- করণ কারকে শূন্য।
বড় হও **স্বীয় চেষ্টায়**- করণকারকে ৭মী।
ডাকাতরা গৃহস্বামীর মাথায় **লাঠি** মেরেছে– করণ কারকে শূন্য
**লাঙ্গল** দ্বারা জমি চাষ করা হয়। – করণ কারকে তৃতীয়া

কী সাহসে এমন কথা কহিতেছ – করণে ৭মী।
চেষ্টায় সব হয়।– করণ কারকে ৭মী
তোমার পুণ্যেতে মাতা তরিব বিপদে – করণে ৭মী, সম্বোধনে শূন্য অপাদানে ৭মী।
আমার সোনার ধানে গিয়াছে ভরি –করণে ৭মী।
আলোয় আঁধার কাটিয়া যায় –করণে ৭মী।
টাকায় বাঘের দুধ মিলে –করণে ৭মী।
ব্যায়ামে শরীর ভাল থাকে –করণে ৭মী।
কালির দাগ সহজে উঠে না –করণে ৬ষ্ঠী।
নৌকাতে নদী পার হওয়া যায় –করণে ৭মী।
তাহারা পাশা খেলিতেছে – করণে শূন্য।
এ কলমে ভাল লেখা হয় না –করণে ৭মী।
হাতের তৈরী জিনিস আমার প্রিয় –করণে ৬ষ্ঠী।
কলমের খোঁচা দিও না –করণে ৬ষ্ঠী।
জ্যোৎস্নাতে আলোকিত এই রাত্রি –করণে ৭মী।
পুত্র হতে পিতৃসুখ আর হবে না –করণে ৫মী।
বড় দুঃখে আপনার শরণ লইয়াছি –করণে ৭মী।
বাষ্পে কল চালানো হয় –করণে ৭মী।
সময়ে সবই হয় –করণে ৭মী।
তোমার মহিমা যেন জ্বলন্ত অক্ষরে লেখা –করণে ৭মী।
ব্যবহারেই ইতর-ভদ্র চেনা যায় – করণে ৭মী।
মাংস আগুনে সিদ্ধ কর – করণে ৭মী।
সে কানে শোনে না – করণে ৭মী।
পাখিকে তীর মারো – করণে শূন্য।
মদে তাহার সর্বনাশ হইয়াছে – করণে ৭মী।
উদ্যম বিহনে কার পুরে মনোরথ? – করণে শূন্য।
পাপী পশুর অধম – অপাদানে ৬ষ্ঠী।
আগুনে সেক দাও – করণে ৭মী।
জটাতে তাপস চিনি – করণে ৭মী।
লোকটা জাতিতে বৈষ্ণব – করণে ৭মী।

## কর্ম কারক

পাপীকে ঘৃণা করো না – কর্ম কারকে ২য়া।
আমি চিনি গো চিনি তোমারে – কর্ম কারকে ২য়া।
ঝিকে মেরে বৌকে শেখানো – কর্ম কারকে ২য়া।
গুরুজনে কর নতি – সম্প্রদানে ৭মী।
বালিকা মালা গাঁথে – কর্মকারকে শূন্য।
তোমায় দেখলেও পাপ – কর্মে ৭মী।
যাদুকর একটি আলুকে ডিম বানাইল – কর্মে ২য়া, কর্মে শূন্য।
সোনা গলাইয়া গহনা করা হয় – কর্মে শূন্য।
অর্থ অনর্থ ঘটায় – কর্মে শূন্য।
জিজ্ঞাসিব জনে জনে – কর্মে ৭মী।
ধৈর্য ধর, বাঁধ বুক – কর্মে শূন্য কর্মে শূন্য।
কোথা সে ছায়া সখি কোথা সে জল – কর্মে শূন্য।
এক ক্রোশ ঘুরিয়া তবে বাড়ি পৌছিলাম – কর্মে শূন্য।
এমন চোরের মত বাঁচা বাঁচিতে চাইনা – কর্মে শূন্য।
এ বয়সে ঢের দেখা দেখেছি – কর্মে শূন্য।
মশা মেরে হাত কালো করো না – কর্মে শূন্য।
রানির দর্শন লাভ আমার ভাগ্যে ঘটে নাই – কর্মে ৬ষ্ঠী।
এমন অদ্ভুত জন্তু কেহ কখনও দেখে নাই – কর্মে শূন্য।
পাপীকে ধিক – কর্মে ২য়া।
রাক্ষসে বধিবে ভীম তোমার প্রসাদে – কর্মে ৭মী, করণে ৭মী।
রবীন্দ্রনাথ পড়লাম, নজরুল পড়লাম তবু এর সুরাহা খুঁজে পেলাম না – কর্মে শূন্য।
আমি তোমা বিনা আর কাহাকেও জানি না – কর্মে শূন্য।
বুদ্ধি খাটিয়ে কাজ করো – কর্মে শূন্য।
তোমার বাণীরে করিনি গ্রহণ ক্ষমা কর হজরত – কর্মে ২য়া।
এ অধীনে দায়িত্বভার অর্পণ করবেন – কর্মে ৭মী।
কপোল ভাসিয়া গেল নয়নের জলে – কর্মে শূন্য।
মাটিরে আমি যে বড়ো ভালোবাসি – কর্মে ২য়া।
ওই ফুলটি তুলিও না –কর্মে শূন্য।

## কর্তৃ কারক

মানুষ ভাবে এক হয় আরেক- কর্তায় শূন্য।
ঘোড়ায় ঘাস খায়- কর্তৃকারকে ৭মী।
পাছে লোকে কিছু বলে -কর্তৃকারকে ৭মী।
পাখি সব করে রব-কর্তৃকারকে শূন্য।
সকলকে একদিন মরতে হবে-কর্তৃকারকে ২য়া।
ঈদের চাঁদ উঠেছে – কর্তৃকারকে শূন্য।
রাখাল গোরুর পাল লয়ে যায় মাঠে। – কর্তায় শূন্য।
শ্রদ্ধাবান লভে জ্ঞান অন্যে কভু নয় –কর্তায় ৭মী।
রহিমকে ঢাকা যাইতে হইবে –কর্তায় ২য়া।
দশে মিলে করি কাজ –কর্তায় ৭মী।
গোরুতে গোরুতে লড়াই করিতেছে –কর্তায় ৭মী।
বাপে না জিজ্ঞাসে মায়ে না সম্ভাষে – কর্তায় ৭মী।
আকাশের ঐ তারার সনে কইব কথা নইবা তুমি এলে – কর্তায় শূন্য।
স্রোতে নৌকাটি উল্টাইয়া দিলো – কর্তায় ৭মী।
বুলবুলিতে ধান খেয়েছে, খাজনা দিব কিসে –কর্তায় ৭মী।
করিমের না গেলে নয় – কর্তায় ৬ষ্ঠী।
চুপ কর, পিঁপড়েরা কী বলছে শুনি। – কর্তায় শূন্য।
ইহা করিমের বিবেচ্য নহে – কর্তায় ৬ষ্ঠী।
সর্বাঙ্গ দংশিল মোর নাগ-নাগবালা – কর্তায় শূন্য।
পাখি সব করে রব রাতি পোহাইলো। – কর্তায় শূন্য, কর্মে শূন্য।
সূর্য উঠিলে রাত্রির অন্ধকার দূর হয় – কর্তায় শূন্য; কর্তায় শূন্য।

### বিগত সালের ব্যাংক প্রশ্ন

১ "হেলায় সুযোগ হারিও না" বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [Bangladesh Bank Officer (General), Pelimenary Test-2022]
ক) অপাদানে ৭মী খ) করণে ৭মী
গ) কর্মকারকে ৭মী ঘ) অধিকরণে ৭মী

২. অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি? [সমন্বিত ৯ ব্যাংক পদ: অফিসার (জেনারেল), তারিখ: ৭ জানুয়ারী- ২০২২]
ক) সারারাত বৃষ্টি ছিলো খ) সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
গ) বাড়ী থেকে নদী দেখা যায় ঘ) ভোরে সূর্য উঠে

৩. ক্রিয়া পদের সাথে সম্বন্ধযুক্ত পদকে কী বলে? [বাংলাদেশ ব্যাংক ২০২২পদ: সহকারি পরিচালক তারিখ: ২৮ অক্টোবর, ২০২২]
ক) কারক খ) সমাস গ) ধাতু ঘ) সন্ধি

৪. 'আষাঢ়ে বৃষ্টি নামে।' বাক্যেও নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [Bangladesh Bank: Officer general, তারিখ: ০২ডিসেম্বর, ২০২১]
ক) কর্তায় ৭মী খ) কর্মে ৭মী
গ) অপাদানে ৭মী ঘ) অধিকরণে ৭মী

৫. 'গাছ থেকে ফল পড়ে' কোন কারক? [ইসলামী ব্যাংক বাংলাদেশ লিমিটেড ২০২২, পদ: ফিল্ড অফিসার (আরডিএস), তারিখ: ১০.০৬.২০২২]
ক) অপাদান খ) করণ গ) অধিকরণ ঘ) সম্প্রদান

৬. 'একদিন পাপের ফল ফলবে'- কোন কারকে কোন বিভক্তি? [সমন্বিত ৫ ব্যাংকের পরীক্ষা ২০২২, পদ: অফিসার ক্যাশ, তারিখ: ২৫ মার্চ, ২০২২]
ক) অধিকরণে শূন্য খ) অধিকরণে ২য়া
গ) অধিকরণে ৩য়া ঘ) অধিকরণে ৭মী

৭. 'কাননে কুসুম কলি সকলি ফুটিল' - এই বাক্যে 'কাননে' কোন কারকে কোন বিভক্তি? [সমন্বিত ৮ ব্যাংক ও আর্থিক প্রতিষ্ঠান, পদ: অফিসার (জেনারেল), তারিখ: ২১ জানুয়ারি, ২০২২]
ক) কর্মে ৭মী খ) অপাদানে ৭মী
গ) অধিকরণে ৭মী ঘ) করণে ৭মী

৮. ভাবাধিকরণে সবসময় কোন বিভক্তি যুক্ত হয়? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক, (AD) পদেও পরীক্ষার প্রশ্ন পত্র-২০২১, পরীক্ষার তারিখ: ১২ নভেম্বর ২০২১]
ক) ৫মী খ) ৬ষ্ঠী গ) ৭মী ঘ) ৩য়া

৯. বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে? [প্রবাসী কল্যাণ ব্যাংক, পদের নাম: সিনিয়র অফিসার সেট: ই, তারিখ: ০৯. ১০. ২০২১]
ক) বিভক্তি খ) কারক গ) প্রত্যয় ঘ) অনুসর্গ

| উত্তরপত্র | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.খ | ২.ক | ৩.ক | ৪.ঘ | ৫.ক | ৬.ক | ৭.গ | ৮.গ |
| ৯.খ | | | | | | | |

## কারক সম্পর্কিত বাংলাদেশ ব্যাংকসহ অন্যান্য ব্যাংকের বিগত বছরের প্রশ্নসমূহ

১. 'কাননে কুসুম কলি সকলি ফুটিল' এই বাক্যে 'কাননে' কোন কারকে কোন বিভক্তি? *[8 Combined Banks & 1 Financial Institution. (Officer [General)-2022]*
ক) কর্মে ৭মী খ) অপাদানে ৭মী
গ) অধিকরণে ৭মী ঘ) করণে ৭মী

২. অধিকরণ কারকে শূন্য বিভক্তির উদাহরণ কোনটি? *[Combined 9 Banks. (Officer [General)-2022]*
ক) সারারাত বৃষ্টি ছিল খ) সুখের লাগিয়া এ ঘর বাঁধিনু
গ) বাড়ি থেকে নদী দেখা যায় ঘ) ভোরে সূর্য উঠে

৩. বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে? *[Probashi Kallyan Bank Ltd. (Senior Officer-2021)]*
ক) বিভক্তি খ) কারক গ) প্রত্যয় ঘ) অনুসর্গ

৪. 'বুলবুলিতে ধান খেয়েছে' এই বাক্যের 'বুলবুলিতে' শব্দে কোন কারকে কোন বিভক্তি রয়েছে? *[NRB Commercial Bank Ltd. (Trainee Assistant Officer-2021)]*
ক) করণে সপ্তমী খ) অধিকরণে সপ্তমী
গ) কর্তৃকারকে সপ্তমী ঘ) অপাদানে সপ্তমী

৫. 'তিনি ব্যাকরণে পণ্ডিত'। এ বাক্যে 'ব্যাকরণে' কোন কারক ও কোন বিভক্তি? *[NRB Commercial Bank Ltd. (Trainee Assistant Officer-2021)]*
ক) অধিকরণ কারকে সপ্তমী খ) সম্প্রদান কারকে সপ্তমী
গ) অপাদান কারকে দ্বিতীয়া ঘ) কর্মকারকে সপ্তমী

৬. 'অন্ধজনে দেহ আলো' এখানে 'অন্ধজনে' কোন কারক? *[Uttara Bank Ltd. (Probationary Officer-2021)]*
ক) অপাদান কারক খ) অধিকরণ কারক
গ) সম্প্রদান কারক ঘ) কর্ম কারক

৭. 'সর্বাঙ্গে ব্যথা, ওষুধ দিব কোথা' এই বাক্যে 'ওষুধ' শব্দ কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? *[Combined 5 Banks Ltd.(Officer [cash]-2021)]*
ক) কর্ম কারকে শূন্য খ) সম্প্রদানে সপ্তমী
গ) অধিকরণে শূন্য ঘ) কর্তৃকারকে শূন্য

৮. 'রুপার চেয়ে সোনার দাম বেশি।' স্ফীত হরফের শব্দটি যে কারকের দৃষ্টান্ত- *[Probashi Kallyan Bank Ltd.(Officer [General]-2021)]*
ক) কর্ম খ) কর্তৃ গ) করণ ঘ) অধিকরণ
নোট: এটি সম্বন্ধ কারক।

৯. ভাবাধিকরণে সবসময় কোন বিভক্তি যুক্ত হয়? *[Bangladesh Bank.(Assistant Director-2021)]*
ক) ৫মী খ) ৬ষ্ঠী গ) ৭মী ঘ) ৩য়া

১০. 'ফুলে ফুলে ঘর ভরেছে' বাক্যটিতে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি? *[Karmasangsthan Bank Ltd.(Assistant Officer-2021)]*
ক) কর্মে ১মা খ) অধিকরণে ৭মী
গ) করণে ৭মী ঘ) কর্তায় ৭মী

১১. বাক্যের প্রকাশভঙ্গি অনুসারে কর্তা কত প্রকার? *[Bangladesh Bank Asst. Director 2021]*
ক) ২ খ) ৩ গ) ৪ ঘ) ৫

১২. 'সংসারে আসিয়া এই পরম সুখে বঞ্চিত রহিলাম'। রেখাঙ্কিত অংশটির কারক নির্ণয় করুন। *[Sadharon Bima Corporation Asst. Manager 2020]*
ক) অপাদান কারক খ) করণ কারক
গ) অধিকরণ কারক ঘ) কর্ম কারক

১৩. নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা- 'রাস্তা' শব্দটির কারক ও বিভক্তি কোনটি? *[Sadharan Bima Corparation Junior Officer 2019; ঢাবি-গ 2009-2010]*
ক) করণে শূন্য খ) কর্মে শূন্য
গ) অপাদানে শূন্য ঘ) কর্তায় শূন্য

১৪. 'ডাক্তার ডাক'- কোন কারকে কোন বিভক্তি? *[Janata Bank Ltd. Asst. Executive Officer 2019]*
ক) কর্তায় ষষ্ঠী খ) কর্মে শূন্য গ) করণে শূন্য ঘ) কর্তায় শূন্য

১৫. মনে পড়ে সেই জ্যৈষ্ঠ দুপুরে পাঠশালা পলায়ন। 'পাঠশালা' কোন কারকে কোন বিভক্তি? *[Bangladesh Bank Officer(General) 2019]*
ক) অধিকরণে সপ্তমী খ) অপাদানে শূন্য
গ) কর্ম কারকে তৃতীয়া ঘ) করণ কারকে শূন্য

১৬. 'ফুলে ফুলে ঘর ভরেছে' বাক্যে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি? *[Janata & Rupali Bank Ltd. Officer (Gneral) 2019]*
ক) কর্মে ৭মী খ) করণে ৭মী
গ) অপাদানে ৭মী ঘ) অধিকরণে ৭মী

১৭. 'গুরুজনে ভক্তি কর' –বাক্যটিতে 'গুরুজনে' কোন কারক? *[Basic Bank Ltd. Asst. Manager 2018]*
ক) কর্তৃকারক খ) কর্মকারক
গ) করণকারক ঘ) সম্প্রদান কারক

১৮. 'যেখানে বাঘের ভয় সেখানে সন্ধ্যা হয়'। বাক্যটিতে 'বাঘের' শব্দটির কারক ও বিভক্তি কোনটি? *[Agrani Bank Ltd SeniorOfficer 2017 (cancalid)]*
ক) কর্ম কারকে ৬ষ্ঠী খ) অপাদান কারকে ৬ষ্ঠী
গ) করণ কারকে ৭মী ঘ) কর্তৃ কারকে ৭মী

১৯. 'এ সাবানে কাপড় কাচা চলবে না'–এখানে 'সাবানে' কোন কারকে কোন বিভক্তি? *[Sonali Bank Ltd Senior Officer (Cash) 2013]*
ক) কর্তায় সপ্তমী খ) করণে প্রথমা
গ) করণে সপ্তমী ঘ) কর্মে সপ্তমী

২০. 'দশে মিলে করি কাজ' বাক্যে 'দশে' কোন কারকে কোন বিভক্তি? *[Sonali Bank Ltd. Senior Officer 2013]*
ক) কর্তৃকারকে ৭মী খ) সম্প্রদান কারকে ৭মী
গ) কর্তৃকারকে ২য়া ঘ) কর্তৃকারকে ৪র্থী

২১. **'পড়াশোনায় মন দাও' –বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[Social Development Foundation Chatar IT Asst/Data Entry Oparator 2012]*
ক) কর্তায় ৭মী খ) কর্মে ৭মী
গ) অপাদানে শূন্য ঘ) অধিকরণে ৭মী

২২. **'শিক্ষককে শ্রদ্ধা কর' কোন কারকে কোন বিভক্তি?** *[Bangladesh Bank Asst. Director 2012]*
ক) করণে সপ্তমী খ) সম্প্রদানে সপ্তমী
গ) অপাদানে সপ্তমী ঘ) অধিকরণে সপ্তমী

২৩. **'আমার ভাত খাওয়া হইলো না' কোন কারকে কোন বিভক্তি?** *[Pubali Bank Limited Junior Officer 2012]*
ক) কর্তৃকারকে দ্বিতীয়া খ) সম্প্রদান কারকে সপ্তমী
গ) কর্তৃকারকে চতুর্থী ঘ) কর্মে শূন্য

২৪. **'আলোয় আঁধার কাটে'- বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** *[ Standard Bank Limited Asst. Officer 2012]*
ক) অধিকরণে ৭মী খ) করণে ৭মী
গ) অপাদানে ৭মী ঘ) কর্তায় ৭মী

**উত্তরপত্র**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.গ | ২.ক | ৩.খ | ৪.গ | ৫.ক | ৬.গ | ৭.ক | ৮.ক |
| ৯.গ | ১০.গ | ১১.খ | ১২.ক | ১৩.ক | ১৪.খ | ১৫.খ | ১৬.খ |
| ১৭.ঘ | ১৮.খ | ১৯.গ | ২০.ক | ২১.ঘ | ২২.খ | ২৩.গ | ২৪.খ |

## বিসিএস প্রিলিমিনারি পরীক্ষার প্রশ্ন

০১. রবীন্দ্রনাথ কোন কারক বাদ দিতে চেয়েছিলেন? → সম্প্রদান কারক (৪৩তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা)

০২. বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে? → কারক (৪০ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা)

০৩. দ্বারা, দিয়া, কর্তৃক– বাংলা ব্যাকরণ অনুযায়ী কোন বিভক্তি? → তৃতীয়া বিভক্তি (৪০ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা)

০৪. কোনটি অপাদান কারক? → ট্রেন স্টেশন ছেড়েছে (৩৯ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা)

০৫. বিভক্তিহীন নাম শব্দকে কী বলে? → প্রাতিপদিক (৩৯ তম বিসিএস প্রিলিমিনারি পরীক্ষা, বাংলা ভাষা)

## অন্যান্য নন-ক্যাডার নিয়োগ পরীক্ষার প্রশ্ন

১. **'মুষলধারে বৃষ্টি পড়ছে'- বাক্যে বৃষ্টি কোন কারকে কোন বিভক্তি?** [যুব উন্নয়ন অধিদপ্তর; সহকারী উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা: ৩০.১২.২০২২]
ক) কর্তা কারকে সপ্তমী খ) কর্ম কারকে শূন্য
গ) কর্তা কারকে শূন্য ঘ) করণ কারকে শূন্য

২. **'আমরা স্বাধীন বাংলাদেশের নাগরিক' -কোন কারকে কোন বিভক্তি?** [সড়ক ও জনপথ অধিদপ্তর ২০২২, পদ: কার্যসহকারী পদ, তারিখ: ২৮ অক্টোবর, ২০২২]
ক) কর্মে ৬ষ্ঠী খ) করণে শূন্য
গ) অধিকরণে ৬ষ্ঠী ঘ) কর্তায় শূন্য

৩. **কারক কত প্রকার?** [সড়ক ও জনপথ অধিদপ্তর ২০২২, পদ: কার্যসহকারী পদ, তারিখ: ২৮ অক্টোবর, ২০২২]
ক) চার প্রকার খ) পাঁচ প্রকার
গ) ছয় প্রকার ঘ) সাত প্রকার

৪. **যা ক্রিয়া সম্পাদন করে তাকে কী বলে?** [সমাজসেবা অধিদপ্তর ২০২২, পদ: ইউনিয়ন সমাজকর্মী, তারিখ: ২১ অক্টোবর, ২০২২]
ক) বিজ্ঞপ্তি খ) উপসর্গ গ) অনুজ্ঞা ঘ) কারক

৫. **ছাদ থেকে পানি পড়ে- কোন কারকে কোন বিভক্তি?** [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় ২০২২, পদ: জুনিয়র অডিটর, তারিখ: ০১ এপ্রিল, ২০২২]
ক) করণে ৭মী খ) অধিকরণে ৭মী
গ) অধিকরণে ৫মী ঘ) অপাদানে ৫মী

৬. **"বুদ্ধি খাটিয়ে কাজ কর" কোন কারকে কোন বিভক্তি?** [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (CGA), পদ: কম্পিউটার মুদ্রাক্ষরিক, তারিখ: ০৪ মার্চ, ২০২২]
ক) করণে শূন্য খ) কর্মে শূন্য
গ) করণে দ্বিতীয়া ঘ) কর্তায় শূন্য

৭. **'ফুলে ফুলে শহীদ মিনার ভরে গেছে'- কোন কারকে কোন বিভক্তি?** [পোস্টমাস্টার জেনারেল- ২০২২, পদ: পোস্টম্যান (উত্তরাঞ্চল, রাজশাহী), তারিখ: ০৪ নভেম্বর, ২০২২]
ক) অধিকরণে ৭মী খ) করণে ৭মী
গ) করণেশূন্য ঘ) অধিকরণে শূন্য

৮. **'ঘোড়া গাড়ি টানে' কোন কারক?** [ডাক বিভাগ (খুলনা অঞ্চল) ২০২২, পদ: অফিস সহায়ক, তারিখ: ১০.০৬.২০২২]
ক) কর্তৃকারক খ) কর্মকারক
গ) অপাদান কারক ঘ) অধিকরণ কারক

৯. **'তিলে তেল হয়'- এই বাক্যে কোন কারকে কোন বিভক্তি বিদ্যমান?** [পোস্টমাস্টার জেনারেল- ২০২২, পদ: উচ্চমান সহকারী; উত্তরাঞ্চল, রাজশাহী-৬২০৩, তারিখ: ১০ সেপ্টেম্বর, ২০২২]
ক) কর্মকারকে প্রথমা খ) অপাদান কারকে সপ্তমী
গ) সম্প্রদান কারকে চতুর্থী ঘ) অধিকরণ কারকে সপ্তমী

১০. **হুমায়ূন বাংলা ব্যাকরণে ভালো। কোন কারক?** [বাংলাদেশ রেলওয়ে (টাইপ) লিখিত পরীক্ষা ২০২২, পদ: গার্ড গ্রেড -২, তারিখ: ১৭ জুন, ২০২২]
ক) কর্ম কারক খ) অধিকরণ কারক
গ) অপাদান কারক ঘ) করণ কারক

১১. **'দুধ থেকে দই হয়' এখানে 'দুধ থেকে' কোন অর্থে অপাদান কারক?** [বিভিন্ন মন্ত্রনালয়ের বাছাই পরীক্ষা ২০২২, পদ: সহকারী প্রোগ্রামার, তারিখ: ২১ সেপ্টেম্বর, ২০২২]
ক) জাত খ) আরম্ভ গ) গৃহীত ঘ) রক্ষিত

১২. **'আষাঢ়ে বৃষ্টি নামে' - বাক্যে 'আষাঢ়ে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [হিসাব মহানিয়ন্ত্রকের কার্যালয় (CGA) /পদ: অফিস সহায়ক/তারিখ: ০৭ অক্টোবর, ২০২২]
ক) কর্তায় ৭মী খ) কর্মে ৭মী
গ) অপাদানে ৭মী ঘ) অধিকরণে ৭মী

১৩. **'দশে মিলে করি কাজ" - এখানে 'দশে' কোন কারকে কোন বিভক্তি-** [বাংলাদেশ রেলওয়ে ৩য়/৪র্থ শ্রেণির নিয়োগ পরীক্ষা ২০২২, পদ: খালাসী, তারিখ: ২৫ নভেম্বর, ২০২২]
ক) কর্তৃ কারকে সপ্তমী খ) সম্প্রদান কারকে সপ্তমী
গ) কর্তৃ কারকে দ্বিতীয়া ঘ) কর্তৃ কারকে ৪র্থী

১৪. **কারক ও বিভক্তি নির্ণয় করুন:** [মৎস্য অধিদপ্তরের জনবল নিয়োগের লিখিত পরীক্ষা ২০২২, পদ: অফিসার সহকারী-কাম-কম্পিউটার মুদ্রাক্ষরিক, তারিখ: ০৮ এপ্রিল, ২০২২]
ক) ফুলে ফুলে ঘর ভরেছে; করণে ৭মী
খ) অন্নহীনে অন্ন দাও; সম্প্রদানে ৭মী
গ) অর্থ অনর্থ ঘটায়; কর্মে শূন্য
ঘ) নদীতে মাছ আছে; অধিকরণে ৭মী
ঙ) ঘোড়ায় গাড়ি টানে; কর্তায় ৭মী

১৫. **"আমি কি ডরাই সখি ভিখারি রাঘবে" কোন কারকে কোন বিভক্তি?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), পদের নাম: কম্পিউটার অপারেটর, তারিখ: ০৩.০৪.২০২১]
ক) কর্মে প্রথমা খ) অপাদানে সপ্তমী
গ) অধিকরণে সপ্তমী ঘ) কর্মে সপ্তমী

১৬. **কারক ও বিভক্তি নির্ণয় করুন - কাননে কুসুমকলি সকলি ফুটিল!** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), Assistant Director, Research officer & Assistant Programmer (Set - A), তারিখ: ০৮. ১০. ২০২১]
ক) কর্তায় শুন্য খ) কর্মে শুন্য
গ) করণে দ্বিতীয়া ঘ) অপাদানে দ্বিতীয়া

**১৭. প্রিয়জনে যাহা দিতে চাই তাই দিই দেবতারে - কারক নির্ণয় করুন?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), Assistant Director, Research officer & Assistant Programmer (Set - A), তারিখ: ০৮. ১০. ২০২১]

ক) কর্তায় সপ্তমী  খ) কর্মে সপ্তমী

গ) সম্প্রদানে ষষ্ঠী  ঘ) অপাদানে ষষ্ঠী

**১৮. 'অগ্নতে গঠিত হিমাচল' কোন কারকে কোন বিভক্তি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা - ২০২১ (সকাল), পরীক্ষার তারিখ: ৫ মার্চ ২০২১]

ক) করণে সপ্তমী  খ) কর্তায় সপ্তমী

গ) অধিকরণে শূন্য  ঘ) অপাদানে ৭মী

**১৯. 'জ্ঞানে বিমল আনন্দ হয়' কোন কারক?** [কারিগরি শিক্ষা অধিদপ্তরের বিভিন্ন পদের নিয়োগের লিখিত পরীক্ষা-২০২১, তারিখ: ০৪.০৬.২০২১]

ক) করণ  খ) অপাদান  গ) অধিকরণ  ঘ) কর্ম

**২০. 'লোকমুখে এই কথা শুনেছি।'- কোন কারক?** [বাংলাদেশ ক্যামিকেল ইন্ডাস্ট্রিজ কর্পোরেশন, পদের নাম: Assistant Administrative Officer, তারিখ: ১০.০৯.২০২১]

ক) করণ  খ) কর্ম  গ) অপাদান  ঘ) অধিকরণ

**২১. 'তিলে তৈল আছে' কোন কারকে কোন বিভক্তি?** [জাতীয় ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর নিয়োগ পরীক্ষা ২০২০, পদ: অফিস সহকারী, পরীক্ষার তারিখ: ৫ মার্চ ২০২১]

ক) অপাদানে সপ্তমী  খ) অধিকরণে সপ্তমী

গ) ক্রিয়ায় সপ্তমী  ঘ) করণে সপ্তমী

**২২. 'সব ঝিনুকে মুক্তা মিলে না' এই বাক্যে 'ঝিনুক' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা - ২০২১ (বিকাল), পরীক্ষার তারিখ: ৫ মার্চ ২০২১]

ক) কর্তায় দ্বিতীয়া  খ) অপাদানে সপ্তমী

গ) কর্মে দ্বিতীয়া  ঘ) অধিকরণে সপ্তমী

**২৩. 'কাননে কুসুমকলি সকলি ফুটিল' এই বাক্যে 'কাননে' কোন কারকে কোন বিভক্তি?** [কারিগরি শিক্ষা অধিদপ্তর নিয়োগ পরীক্ষা - ২০২১ (বিকাল), পরীক্ষার তারিখ: ৫ মার্চ ২০২১]

ক) কর্মে ৭মী  খ) করণে শূণ্য

গ) অপাদানে সপ্তমী  ঘ) অধিকরণে সপ্তমী

**২৪. বসন্তে কোকিল ডাকে - এ বাক্যে 'বসন্তে' কোন কারক?** [শিক্ষা প্রকৌশল অধিদপ্তর, পদ: অফিস সহায়ক, তারিখ: ২৬.১১.২০২১]

ক) অধিকরণ কারক  খ) অপাদান কারক

গ) কর্ম কারক  ঘ) করণ কারক

**২৫. ফুলের গন্ধে ঘুম আসে না। চিহ্নিত শব্দটি কোন কারকে কোন বিভক্তি?**

ক) অপাদানে ৬ষ্ঠী  খ) অপাদানে ১মা

গ) কর্মে ৬ষ্ঠী  ঘ) কর্তায় ৬ষ্ঠী

**নোট:** এটি সম্বন্ধ কারক।

**২৬. কারক ও বিভক্তি নির্ণয় করুন-** [নিয়োগ পরীক্ষা ২০২১, জননিরাপত্তা বিভাগ, পদের নাম: কম্পিউটার অপারেটর, পরীক্ষার তারিখ: ১২ ফেব্রুয়ারি ২০২১]

ক) সকলকে মরতে হবে - কর্তায় দ্বিতীয়া।

খ) টাকায় টাকা হয় - অপাদানে সপ্তমী।

গ) আমায় সহ্য কর - কর্মে সপ্তমী।

ঘ) চেষ্টায় সব হয় - করণে সপ্তমী।

ঙ) নৌকা ঘাটে পৌঁছালো - অধিকরণে সপ্তমী।

**২৭. "আয়ু যেন পদ্ম পাতার নীর" বাক্যে "পদ্ম পাতার" কোন কারক?** [মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তর, সুরক্ষা সেবা বিভাগ, স্বরাষ্ট্র মন্ত্রনালয়, ওয়ারলেস অপারেটর পদে নিয়োগ পরীক্ষা ২০২১, পরীক্ষার তারিখ: ১৯ ফেব্রুয়ারি, ২০২১]

ক) কর্মকারক  খ) করণ কারক

গ) অপাদান কারক  ঘ) অধিকরণ কারক

**২৮. 'কাননে কুসুমকলি সকলি ফুটিল' বাক্যে 'কুসুমকলি' কোন কারকে কোন বিভক্তি?** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর জনবল নিয়োগ পরীক্ষা-২০২১, পদের নাম: ক্যাশিয়ার/ স্টোর কিপার, তারিখ: ১০.১২.২০২১]

ক) অপাদানে প্রথমা  খ) কর্তায় শূন্য

গ) কর্মে শূন্য  ঘ) অধিকরণে শূন্য

**২৯. সকলকে মরতে হবে, বাক্যে সকলকে কোন কারকে কোন বিভক্তি-** [মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর জনবল নিয়োগ পরীক্ষা-২০২১, পদের নাম: ক্যাশিয়ার/ স্টোর কিপার, তারিখ: ১০.১২.২০২১]

ক) কর্মে ২য়া  খ) কর্তায় ৭মী

গ) অপাদানে ৭মী  ঘ) কর্তায় ২য়া

**৩০. প্রাতিপদিকের সঙ্গে কোন শব্দের সম্পর্ক বিদ্যমান?** [দি সিকিউরিটি প্রিন্টিং করপোরেশন (বাংলাদেশ) লি. পদ: , সহকারী, ব্যবস্থাপক (জেনারেল), তারিখ: ২৬.১১.২০২১]

ক) ক্রিয়াবাচক শব্দ  খ) বিশেষণবাচক শব্দ

গ) নামবাচক শব্দ  ঘ) সর্বনামবাচক শব্দ

**৩১. কারক ও বিভক্তি নির্ণয় কর : পাপে বিরত হও।** [NSI, (ওয়াচার কন্সটেবল) বর্তমান পদনাম: ফিল্ড স্টাফ, তারিখ: ১৭.০৯.২০২১]

ক) কর্মে ৭মী  খ) করণে ৫মী

গ) অপাদানে ৭মী  ঘ) অপাদানে ৭মী

**৩২. 'আকাশে চাঁদ উঠেছে' কোন কারক?** [NSI, (ওয়াচার কন্সটেবল) বর্তমান পদনাম: ফিল্ড স্টাফ, তারিখ: ১৭.০৯.২০২১]

ক) কর্ম কারক  খ) করণ কারক

গ) অপাদান কারক  ঘ) অধিকরণ কারক

**৩৩. 'সমুদ্রে মাছ আছে' এখানে সমুদ্রে কোন কারক?** [মৎস্য অধিদপ্তরের কর্মচারী নিয়োগ পরীক্ষা-২০২১, পদের নাম: সাঁটমুদ্রাক্ষরিক-কাম-কম্পিউটার অপারেটর, তারিখ: ১৭.১২.২০২১]

ক) কর্মকারক  খ) করণ কারক

গ) অপাদান কারক  ঘ) অধিকরণ কারক

**৩৪. অপাদানে দ্বিতীয়া বিভক্তির উদাহরণ কোনটি?** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), পদনাম: জুনিয়র ফিল্ড অফিসার, তারিখ: ২৪.০৯.২০২১]

ক) অর্থ অনর্থ ঘটায়  খ) এ মেঘে বৃষ্টি হয় না

গ) বাবাকে বড্ড ভয় পাই  ঘ) পাপে বিরত হও

**৩৫. 'সারারাত বৃষ্টি হয়েছে' - বাক্যটির কারক চিহ্নিত কর।** [জাতীয় নিরাপত্তা গোয়েন্দা সংস্থা (NSI), পদনাম: জুনিয়র ফিল্ড অফিসার, তারিখ: ২৪.০৯.২০২১]

ক) অপাদান কারক  খ) অধিকরণ কারক

গ) কর্তৃ কারক  ঘ) করণ কারক

**৩৬. 'নীল আকাশের নিচে আমি রাস্তা চলেছি একা'- এখানে 'রাস্তা' শব্দটির কারক ও বিভক্তি কোনটি?** [বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন এর সহকারী পরিচালক পদে পরীক্ষা-২০২১, তারিখ: ১৯.০৬.২০২১]

ক) কর্মে শূন্য  খ) অপাদানে শূন্য

গ) করণে শূন্য  ঘ) সম্প্রদানে শূন্য

**উত্তরপত্র**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.ক | ২.গ | ৩.গ | ৪.ঘ | ৫.ঘ | ৬.খ | ৭.খ | ৮.খ |
| ৯.খ | ১০.খ | ১১.গ | ১২.ঘ | ১৩.ক | ১৪. | ১৫.খ | ১৬.ক |
| ১৭.গ | ১৮. | ১৯.ক | ২০.গ | ২১.খ | ২২.খ | ২৩.ঘ | ২৪.ক |
| ২৫. | ২৬. | ২৭.ঘ | ২৮.গ | ২৯.ঘ | ৩০.গ | ৩১.ঘ | ৩২.ঘ |
| ৩৩.ঘ | ৩৪.গ | ৩৫.খ | ৩৬.গ | | | | |

## বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষার প্রশ্ন

**১. 'পাপে বিরত থাকে'- কোন কারকে কোন বিভক্তি?** [১৭তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০২২]

ক) অপাদানে ৭মী  খ) করণ কারকে ৭মী

গ) অধিকরণে ৭মী  ঘ) কর্ম কারকে ৭মী

**২. কোনটি সম্প্রদান কারকে চতুর্থী বিভক্তির উদাহরণ?** [১৬তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]

ক) ভিক্ষা দাও দেখিলে ভিক্ষুক  খ) ভিক্ষা দাও দুয়ারে ভিক্ষুক

গ) ভিক্ষুককে ভিক্ষা দাও  ঘ) কোনোটিই নয়

**৩. সম্বন্ধ পদে কোন বিভক্তি যুক্ত হয়?** [১৬তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]

ক) কে, রে  খ) প্রথমা, শূন্য  গ) র, এর  ঘ) এ, তে

৪. বিভক্তিহীন নাম শব্দকে বলে– [১৫তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]
ক) প্রাতিপদিক খ) সাধিত শব্দ গ) নামপদ ঘ) ক্রিয়াপদ

৫. 'পড়ায় আমার মন বসে না'-এখানে 'পড়ায়' কোন কারকে কোন বিভক্তি? [১৬তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]
ক) কর্মকাকে ৭মী বিভক্তি খ) অধিকরণ কারকে ৭মী বিভক্তি
গ) অপাদান কারকে ৭মী বিভক্তি ঘ) করণ কারকে ৭মী বিভক্তি

৬. 'আমার গানের মালা আমি করব কারে দান'। বাক্যটিতে 'কারে' শব্দটির কারক ও বিভক্তি কোনটি? [১৫তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৯]
ক) কর্তায় সপ্তমী খ) কর্মে সপ্তমী
গ) করণে সপ্তমী ঘ) অপাদানে সপ্তমী

৭. 'উদ্যম বিহনে কার পুরে মনোরথ'- এখানে 'উদ্যম বিহনে' কোন কারকে কোন বিভক্তি? [১৪তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৭]
ক) কর্তৃকারকে ৭মী খ) অধিকরণে ৭মী
গ) অপদানে ১মা ঘ) কর্মে ৭মী
Ans: ব্যাখ্যাঃ (করণে শূন্য)

৮. গাড়ি 'স্টেশন' ছাড়ল- এখানে 'স্টেশন' কোন কারকে কোন বিভক্তি? [১২তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৫]
ক) কর্মকারকের শূন্য বিভক্তি খ) অধিকরণ কারকে শূন্য
গ) অপাদান কারকে শূন্য ঘ) করণ কারকে শূন্য

৯. দোষী ছাত্রটিকে জরিমানা করা হয়েছে।- এখানে 'ছাত্রটিকে' কোন কারকে কোন বিভক্তি? [১১তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]
ক) কর্তায় দ্বিতীয়া খ) করণে দ্বিতীয়া
গ) অধিকরণে দ্বিতীয়া ঘ) কর্মকারকে দ্বিতীয়া

১০. কারক নির্ণয় করুন– লোভে পাপ পাপে মৃত্যু। [১০তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]
ক) কর্মকারক খ) সম্প্রদান কারক
গ) অপাদান কারক ঘ) অধিকরণ কারক

১১. 'গাড়ি স্টেশন ছাড়লো'– কোন কারক? [১০তম বেসরকারি প্রভাষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষা-২০১৪]
ক) অধিকরণ কারক খ) করণ কারক
গ) অপাদান কারক ঘ) কর্মকারক

| উত্তরপত্র | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.ক | ২.গ | ৩.গ | ৪.ক | ৫.ক | ৬.গ | ৭.নোট | ৮.গ |
| ৯.ঘ | ১০.গ | ১১.গ | | | | | |

## বেসরকারি স্কুল শিক্ষক নিবন্ধন ও প্রত্যয়ন পরীক্ষার প্রশ্ন

১. 'পড়াশোনায় মন দাও' বাক্যে পড়াশোনায় শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [17th NTRC (School/Equivalent) Exam-202]
ক) কর্তায় ৭মী খ) কর্মে ৭মী
গ) অপাদানে ৭মী ঘ) অধিকরণে ৭মী

২. "এবারের সংগ্রাম, স্বাধীনতার সংগ্রাম"- বাক্যটিতে স্বাধীনতার শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [17th NTRC (School/Equivalent) Exam-202]
ক) কর্মে ষষ্ঠী খ) নিমিতার্থে ষষ্ঠী
গ) করণে ষষ্ঠী ঘ) সম্প্রদানে ষষ্ঠী

৩. ভাবে সপ্তমীর উদারহণ কোনটি? [16th NTRC (School/Equivalent) Exam-2019]
ক) আমাদের সেনারা যুদ্ধে অপরাজেয়
খ) একদা প্রভাতে ভানুর প্রভাতে ফুটিল কলম কলি
গ) চন্দ্রোদয়ে কুমুদিনী বিকশিত হয়
ঘ) প্রবাতে উঠিল রবি লোহিত বরণ

৪. 'পুকুরে মাছ আছে'– এখানে 'পুকুর' কোন অধিকরণ কারক? [16th NTRC (School/Equivalent) Exam-2019]
ক) বৈষয়িক অধিকরণ খ) ভাবাধিকরণ
গ) অভিব্যাপক অধিকরণ ঘ) ঐকদেশিক অধিকরণ

৫. 'তিলে তৈল হয়' বাক্যে কোন কারক? [16th NTRC (School/Equivalent-2) Exam-2019]
ক) কর্মকারক খ) করণ কারক
গ) অপাদান কারক ঘ) অধিকরণ কারক

৬. 'রেলগাড়িটি স্টেশন ছেড়েছে' বাক্যে 'স্টেশন' কোন কারকে কোন বিভক্তি? [16th NTRC (School/Equivalent-2) Exam-2019]
ক) অপাদানে শূন্য খ) করণে শূন্য
গ) কর্তায় শূন্য ঘ) অধিকরণে শূন্য

৭. 'পাহাড়ের ঢাল বেয়ে জল নামছে'– বাক্যে 'জল' কোন কারকে কোন বিভক্তি? [15th NTRC (School/Equivalent) Exam-2019]
ক) কর্তৃকারকে ৭মী খ) কর্মকারকে শূন্য
গ) কর্তৃকারকে শূন্য ঘ) করণ কারকে শূন্য

৮. খিলিপান (এর ভিতরে) দিয়ে ওষুধ খাবে– কোন কারক? [15th NTRC (School/Equivalent) Exam-2019]
ক) করণ কারক খ) অপাদান কারক
গ) অধিকরণ কারক ঘ) কর্মকারক

৯. ব্যাকরণের কোন অংশে কারক সম্বন্ধে আলোচনা করা হয়? [14th NTRC (School/Equivalent) Exam-2017]
ক) ধ্বনিতত্ত্বে খ) অর্থতত্ত্বে
গ) বাক্যতত্ত্বে ঘ) রূপতত্ত্বে

১০. 'তিলে তৈল হয়'- 'তিলে' কোন কারকে কোন বিভক্তি? [14th NTRC (School/Equivalent) Exam-2017]
ক) কর্মকারকে ৭মী খ) অপাদান কারকে ৭মী
গ) করণ কারকে ৭মী ঘ)অধিকরন কারকে ৭মী

১১. সামীপ্য অর্থে কোন অধিকরণ হয়? [14th NTRC (School/Equivalent-2) Exam-2017]
ক) অভিব্যাপক খ) আধারাধিকরণ
গ) ঐকদেশিক ঘ) কালাধিকরণ

১২. 'পাপে বিরত থাকো' কোন কারকে কোন বিভক্তি? [13th NTRC (School/Equivalent) Exam-2016]
ক) অপাদান কারকে সপ্তমী বিভক্তি
খ) করণ কারকে সপ্তমী বিভক্তি
গ) অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
ঘ) কর্ম কারকে সপ্তমী বিভক্তি

১৩. 'ডাক্তার ডাক' কোন কারকে কোন বিভক্তি? [13th NTRC (School/Equivalent) Exam-2016]
ক) কর্তৃকারকে ষষ্ঠী বিভক্তি খ) কর্মকারকে শূন্য বিভক্তি
গ) কর্মকারকে শূন্য বিভক্তি ঘ) কর্তৃকারকে শূন্য বিভক্তি

১৪. 'ফুলে ফুলে ঘর ভরেছে'- কোন কারকে কোন বিভক্তি? [13th NTRC (School/Equivalent-2) Exam-2016]
ক) কর্মে ৭মী খ) করণে ৭মী
গ) অপাদানে ৭মী ঘ) অধিকরণে ৭মী

১৫. 'আমি কি ডরাই সখি ভিখারী রাঘবে'- এখানে 'রাঘবে' কোন কারকে কোন বিভক্তি? [13th NTRC (School/Equivalent-2) Exam-2016]
ক) অপাদানে ৭মী খ) কর্তৃকারকে ৭মী
গ) অধিকাণে ৭মী ঘ) কর্মে ৭মী

১৬. 'জিজ্ঞাসিব জনে জনে'– এখানে 'জনে জনে' কোন কারকে কোন বিভক্তি? [12th NTRC (School/Equivalent) Exam-2015]
ক) করণে ৭মী খ) কর্মে ৭মী
গ) অপাদানে ৭মী ঘ) অধিকরণে ৭মী

১৭. 'ভিখারিকে ভিক্ষা দাও'- কোন কারকে কোন বিভক্তি? *[12th NTRC (School/Equivalent-2) Exam-2015]*
ক) কর্মে ৪র্থী খ) করণে ৪র্থ
গ) সম্প্রদানে ৪র্থী ঘ) অপাদানে ৪র্থী

১৮. 'ফুলে ফুলে ঘর ভরেছে'- বাক্যে 'ফুলে ফুলে' কোন কারকে কোন বিভক্তি? *[12th NTRC (School/Equivalent-2) Exam-2015]*
ক) কর্মে ৭মী খ) করণে ৭মী
গ) অপাদানে ৭মী ঘ) অধিকরণে ৭মী

১৯. আমার যাওয়া হয়নি- 'আমার' কোন কারকে কোন বিভক্তি? *[11th NTRC (School/Equivalent) Exam-2014]*
ক) কর্মে শূন্য খ) কর্তায় শূন্য
গ) কর্তায় ষষ্ঠী ঘ) কর্মে ষষ্ঠী

২০. 'ফুলে ফুলে ঘর ভরেছে'- কোন কারকে কোন বিভক্তি? [10th NTRC (School/Equivalent) (Set: A) Exam-2014]
ক) কর্ম কারকে সপ্তমী বিভক্তি খ) অপাদান কারকে সপ্তমী বিভক্তি
গ) করণ কারকে সপ্তমী বিভক্তি ঘ) অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি

২১. জল পড়ে, পাতা নড়ে- নিম্নরেখ শব্দ কোন কারকে কোন বিভক্তি? [10th NTRC (School/Equivalent) (Set: B) Exam-2014]
ক) কর্তায় শূন্য খ) অপাদানে শূন্য
গ) কর্মে শূন্য ঘ) করণে শূন্য

২২. 'অন্ধজনে দেহ আলো' বাক্যে 'অন্ধজনে' কোন কারকে কোন বিভক্তি? [10th NTRC (School/Equivalent) (Set: B) Exam-2014]
ক) কর্মে ৭মী খ) কর্মে ২য়া
গ) সম্প্রদানে ৭মী ঘ) সম্প্রদানে ৪র্থী

২৩. 'আকাশে চাঁদ উঠেছে'। এখানে 'আকাশে' কোন প্রকারের অধিকরণ? [12th NTRC (School/Equivalent) Exam-2015]
ক) ভাবাধিকরণ খ) ঐকদেশিক অধিকরণ
গ) কালাধিকরণ ঘ) বৈষয়িক

**উত্তরপত্র**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.ঘ | ২.খ | ৩.গ | ৪.ঘ | ৫.গ | ৬.ক | ৭.গ | ৮.খ |
| ৯.ঘ | ১০.খ | ১১.গ | ১২.ক | ১৩.খ | ১৪.খ | ১৫.ক | ১৬.খ |
| ১৭.গ | ১৮.খ | ১৯.গ | ২০.গ | ২১.ক | ২২.গ | ২৩.খ | |

## প্রাথমিক সহকারী শিক্ষক নিয়োগ পরীক্ষার বিগত সালের প্রশ্নোত্তর- ২০১৫-২০২২

১. 'শুক্রবার বিদ্যালয় বন্ধ থাকে'। বাক্যে 'বিদ্যালয়' শব্দটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০, পদ: সহকারি শিক্ষক (৩য় পর্যায়), তারিখ: ৩ জুন, ২০২২]
ক) কর্মে শূন্য খ) অপাদানে শূন্য
গ) অধিকরণে শূন্য ঘ) কর্তায় শূন্য

২. 'পৃথিবীতে কে কাহার?'- এই বাক্যে 'পৃথিবীতে' পদটি কোন কারকে কোন বিভক্তি? [প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষক নিয়োগ পরীক্ষা ২০২০, পদ: সহকারি শিক্ষক (২য় পর্যায়), তারিখ: ২০ মে, ২০২২]
ক) অধিকরণ কারকে ৭মী বিভক্তি খ) অপাদান কারকে ৭মী বিভক্তি
গ) কর্মকারকে ৭মী বিভক্তি ঘ) কর্মকারকে ৫মী বিভক্তি

৩. 'তিলে তৈল হয়'- কোন কারকে কোন বিভক্তি?
ক) সম্প্রদান কারকে চতুর্থ খ) কর্তৃকারকে প্রথমা
গ) অধিকরণ কারকে সপ্তমী ঘ) অপাদান কারকে সপ্তমী

৪. 'শিশুগণ দেয় মন নিজ নিজ পাঠে'- বাক্যে 'পাঠে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক) কর্মে সপ্তমী খ) অধিকরণে সপ্তমী
গ) অপাদানে সপ্তমী ঘ) করণে সপ্তমী

৫. 'নৌকায় নদী পার হলাম'- নৌকায় কোন কারকে কোন বিভক্তি?
ক) কর্মে ৭মী খ) করণে ৭মী
গ) অধিকরণে ৫মী ঘ) সম্প্রদানে ৪র্থী

৬. 'টাকায় টাকা আনে'- এখানে টাকায় কোন কারকে কি বিভক্তি?
ক) কর্তৃকারকে ৭মী খ) কর্মকারকে ৭মী
গ) অপাদানে ৭মী ঘ) করণ কারকে ৭মী

৭. 'ঝিনুক থেকে মুক্তা মেলে' এখানে 'ঝিনুক' কোন কারক?
ক) সম্প্রদান কারক খ) কর্ম কারক
গ) অধিকরণ কারক ঘ) অপাদান কারক

৮. 'আজকে নগদ কালকে ধার'-এখানে 'আজকে' কোন কারকে কোন বিভক্তি?
ক) কর্তায় ২য়া খ) করণে ২য়া
গ) অধিকরণে ২য়া ঘ) কর্মে ২য়া

৯. 'ইট-পাথরের দালান' এখানে 'ইট-পাথরের' কোন কারকে কোন বিভক্তি?
ক) কর্মে সপ্তমী খ) কর্তৃকারকে ষষ্ঠী
গ) করণে ষষ্ঠী ঘ) করণে সপ্তমী

১০. 'আকাশে চাঁদ উঠেছে' এখানে 'আকাশ' কোন কারকে কোন বিভক্তি?
ক) করণে ষষ্ঠী খ) কর্মে শূন্য
গ) অধিকরণে সপ্তমী ঘ) সম্প্রদানে চতুর্থী

১১. সর্বাঙ্গে ব্যাথা, ঔষধ দিব কোথা-এখানে 'সর্বাঙ্গে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক) অধিকরণে তৃতীয়া খ) অধিকরণে সপ্তমী
গ) কর্তায় সপ্তমী ঘ) অপাদানে তৃতীয়া

১২. "সব ঝিনুকে মুক্তা মেলে না"-এই বাক্যে 'ঝিনুকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক) অপাদানে সপ্তমী খ) অধিকরণে সপ্তমী
গ) কর্তায় দ্বিতীয়া ঘ) কর্মে দ্বিতীয়া

১৩. বাড়ি থেকে নদী দেখা যায়- কোন কারকে কোন বিভক্তি?
ক) অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
খ) অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তি
গ) অপাদান কারকে পঞ্চমী বিভক্তি
ঘ) অধিকরণ কারকে তৃতীয়া বিভক্তি

১৪. 'ডাক্তার ডাক' বাক্যটিতে 'ডাক্তার' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক) কর্মকারকে ৭মী বিভক্তি খ) অপাদান কারকে তৃতীয়া বিভক্তি
গ) কর্তৃকারকে শূন্য বিভক্তি ঘ) কর্মকারকে শূন্য বিভক্তি

১৫. 'দেশের জন্য সেবা কর' 'দেশের' কোন কারকে কোন বিভক্তি?
ক) কর্তায় শূন্য খ) কর্মে শূন্য
গ) কর্মে ষষ্ঠী ঘ) সম্প্রদানে ষষ্ঠী

১৬. 'কলসটি কানায় কানায় পূর্ণ'- কোন কারকে কোন বিভক্তি?
ক) অপাদানে সপ্তমী খ) স্থানাধিকরণে সপ্তমী
গ) ভাবাধিকরণে সপ্তমী ঘ) কালাধিকরণে সপ্তমী

১৭. 'এমন ছেলে আর দেখিনি' বাক্যে নিম্নরেখ শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক) কর্তায় শূন্য খ) কর্মে শূন্য
গ) অপাদানে শূন্য ঘ) অধিকরণে শূন্য

১৮. বজ্রে তোমার বাজে বাঁশি? কোন কারকে কোন বিভক্তি?
ক) কর্তায় শূন্য খ) অপাদানে ৭মী
গ) অধিকরণে ৭মী ঘ) করণে ১মা

**উত্তরপত্র**

| | | | | | | | |
|---|---|---|---|---|---|---|---|
| ১.ঘ | ২.ক | ৩.ঘ | ৪.খ | ৫.খ | ৬.ক | ৭.ঘ | ৮.গ |
| ৯.গ | ১০.গ | ১১.খ | ১২.ক | ১৩.খ | ১৪.ঘ | ১৫.ঘ | ১৬.গ |
| ১৭.গ | ১৮.গ | | | | | | |

## প্রতিযোগিতামূলক পরীক্ষার উপযোগী গুরুত্বপূর্ণ প্রশ্নোত্তর

- ❑ বাক্যের ক্রিয়ার সাথে অন্যান্য পদের যে সম্পর্ক তাকে কী বলে?
  - কারক
- ❑ দ্বারা, দিয়া, কর্তৃক – বাংলা ব্যাকরণ অনুযায়ী কোন বিভক্তি?
  - তৃতীয়া বিভক্তি
- ❑ কোনটি অপাদান - ট্রেন স্টেশন ছেড়েছে

- 'সর্বাঙ্গে ব্যথা, ঔষধ দিব কোথা'–এই বাক্যে 'ঔষধ' শব্দ কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? - কর্মকারকে শূন্য
- 'আকাশে তো আমি রাখি নাই মোর উড়িবার ইতিহাস।'– এই বাক্যে 'আকাশে' শব্দটি কোন কারকে কোন বিভক্তির উদাহরণ? - অধিকরণ কারকে সপ্তমী
- দ্বারা. দিয়া. কর্তৃক বাংলা ব্যাকরণ অনুযায়ী কোন বিভক্তি?- তৃতীয়া

## বাচ্য

বাক্যের প্রকাশভঙ্গিকে বাচ্য বলে। বাক্যের মধ্যে ক্রিয়ার ভূমিকা বদলে গিয়ে একই বক্তব্যের প্রকাশভঙ্গি আনা হয়ে যায়। ক্রিয়া কখনো কর্তাকে অনুসরণ করে, ক্রিয়া কখনো কর্মকে অনুসরণ করে, আবার ক্রিয়াই কখনো বাক্যের মধ্যে মুখ্য হয়ে ওঠে। যেমনঃ

- সে বাজারে যায়।
- সাহসী ছেলেটিকে পুরস্কৃত করা হয়েছে।
- কোথায় যাওয়া হচ্ছে।

উপরের প্রথম বাক্যে 'যায়' ক্রিয়াটি 'সে' কর্তার কর্তার অনুসারী। দ্বিতীয় বাক্যে 'করা হয়েছে' ক্রিয়াটি 'সাহসী ছেলেটিকে' কর্মের অনুসারী। তৃতীয় বাক্যে 'যাওয়া হচ্ছে' ক্রিয়াই মুখ্য। প্রকাশভঙ্গির এই ভিন্নতা অনুযায়ী বাচ্য তিন প্রকার- কর্তাবাচ্য, কর্মবাচ্য ও ভাববাচ্য।

১. **কর্তাবাচ্যঃ** যে বাক্যের ক্রিয়া কর্তাকে অনুসরণ করে, তাকে কর্তাবাচ্য বলে। এক্ষেত্রে ক্রিয়ার রূপটি কর্তার পক্ষ অনুযায়ী হয়। যেমন-
   - ঝরনা না ছবি আঁকে।
   - আমি আগামীকাল বাড়ি ফিরব

   অজীব বিশেষ্যও অনেক সময়ে কর্তার ভূমিকা গ্রহণ করে। যেমন -
   - ফ্যানটা অনেক জোরে ঘুরছে।
   - শরতে শিউলি ফোটে।

২. **কর্মবাচ্যঃ** যে বাক্যের ক্রিয়া কর্মকে অনুসরণ করে, তাকে কর্মবাচ্য বলে। যেমন-
   - পুলিশ কর্তৃক ডাকাত ধৃত হয়েছে।
   - চিঠিটা পড়া হয়েছে।

৩. **ভাববাচ্যঃ** যে বাক্যের ক্রিয়া-বিশেষ্য বাক্যের ক্রিয়াকে নিয়ন্ত্রণ করে, তাকে ভাববাচ্য বলে। যেমন-
   - কোথা থেকে আসা হলো।
   - আমার যাওয়া হলো না।

   'এখানে 'যাওয়া', 'আসা এগুলো হলো ক্রিয়া-বিশেষ।

### বিগত বছরের প্রশ্নসমূহ

১. কর্মবাচ্যে কর্তার কোন বিভক্তি হয়? [খাদ্য অধিদপ্তর, পদঃ সহকারী উপ-খাদ্য পরিদর্শক, তারিখঃ ০৩.১২.২০২১]
ক. ষষ্ঠী খ. প্রথমা গ. দ্বিতীয়া ঘ. তৃতীয়া

২. বাচ্য প্রধানত কয় প্রকার? [জাতীয় ন্যাশনাল ক্যাডেট কোর অধিদপ্তর নিয়োগ পরীক্ষা- ২০২০, পদঃ অফিস সহকারী, পরীক্ষার তারিখঃ ৫ মার্চ ২০২১]
ক) ৩ প্রকার খ) ৫ প্রকার গ) ৪ প্রকার ঘ) ৬ প্রকার

৩. বাক্যের প্রকাশভঙ্গি অনুসারে কর্তা কয় প্রকার? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক- ২০২১]
ক. ২ খ. ৩ গ. ৪ ঘ. ৬

৪. 'সুতিকাপড় অনেক দিন টিকে' কোন বাচ্য? [বাংলাদেশ ব্যাংকের সহকারী পরিচালক- ২০২১]
ক. কর্তৃবাচ্য খ. কর্মকর্তৃবাচ্য গ. ভাববাচ্য ঘ. কর্মবাচ্য

৫. 'ডিঙি টেনে বের করতে হবে।'–কোন ধরনের বাচ্যের উদাহরণ? → ভাববাচ্য [৪১তম বিসিএস]

| বাচ্যঃ উত্তরপত্র | | | |
|---|---|---|---|
| ১.ঘ | ২.ক | ৩.খ | ৪.খ |

## সেল্ফ টেস্ট-০৬

১. 'পৃথিবীতে কে কাহার?' - এই বাক্যে 'পৃথিবীতে' পদটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণ কারকে ৭মী বিভক্তি খ. অপাদান কারকে ৭মী বিভক্তি
গ. কর্মকারকে ৭মী বিভক্তি ঘ. কর্মকারকে ৫মী বিভক্তি

২. "সব ঝিনুকে মুক্তা মেলে না"-এই বাক্যে 'ঝিনুকে' শব্দটি কোন কারকে কোন বিভক্তি?
ক. অপাদানে সপ্তমী খ. অধিকরণে সপ্তমী
গ. কর্তায় দ্বিতীয়া ঘ. কর্মে দ্বিতীয়া

৩. বাড়ি থেকে নদী দেখা যায়– কোন কারকে কোন বিভক্তি?
ক. অধিকরণ কারকে সপ্তমী বিভক্তি
খ. অধিকরণ কারকে পঞ্চমী বিভক্তি
গ. অপাদান কারকে পঞ্চমী বিভক্তি
ঘ. অধিকরণ কারকে তৃতীয়া বিভক্তি

৪. গাড়ি 'স্টেশন' ছাড়ল- এখানে 'স্টেশন' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মকারকের শূন্য বিভক্তি খ. অধিকরণ কারকে শূন্য
গ. অপাদান কারকে শূন্য ঘ. করণ কারকে শূন্য

৫. 'দশে মিলে করি কাজ"- এখানে 'দশে' কোন কারকে কোন বিভক্তি-
ক. কর্তৃ কারকে সপ্তমী খ. সম্প্রদান কারকে সপ্তমী
গ. কর্তৃ কারকে দ্বিতীয়া ঘ. কর্তৃ কারকে ৪র্থী

৬. 'কাননে কুসুমকলি সকলি ফুটিল' এই বাক্যে 'কাননে' কোন কারকে কোন বিভক্তি?
ক. কর্মে ৭মী খ. করণে শূণ্য
গ. অপাদানে সপ্তমী ঘ. অধিকরণে সপ্তমী

৭. অপাদানে দ্বিতীয়া বিভক্তির উদাহরণ কোনটি?
ক. অর্থ অনর্থ ঘটায় খ. এ মেঘে বৃষ্টি হয় না
গ. বাবাকে বড্ড ভয় পাই ঘ. পাপে বিরত হও

৮. 'সারারাত বৃষ্টি হয়েছে' - বাক্যটির কারক চিহ্নিত কর।
ক. অপাদান কারক খ. অধিকরণ কারক
গ. কর্তৃ কারক ঘ. করণ কারক

৯. **'তিনি ব্যাকরণে পণ্ডিত'। এ বাক্যে 'ব্যাকরণে' কোন কারক ও কোন বিভক্তি?**
ক. অধিকরণ কারকে সপ্তমী খ. সম্প্রদান কারকে সপ্তমী
গ. অপাদান কারকে দ্বিতীয়া ঘ. কর্মকারকে সপ্তমী

১০. বাচ্য প্রধানত কয় প্রকার?
ক. ৩ প্রকার খ. ৫ প্রকার
গ. ৪ প্রকার ঘ. ৬ প্রকার